বাংলাদেশের বোলারদের তোপে বিপদে পাকিস্তান

বাসস- বাংলাদেশের বোলারদের তোপে সিরিজের প্রথম টেস্টের পঞ্চম ও শেষ দিন বিপদে পড়েছে স্বাগতিক পাকিস্তান। ১১৭ রানে পিছিয়ে থেকে দ্বিতীয় ইনিংস শুরু করে পঞ্চম দিনের মধ্যাহ্ন-বিরতি পর্যন্ত ১০৮ রান তুলতেই ৬ উইকেট হারিয়েছে পাকিস্তান। ৪ উইকেট হাতে নিয়ে এখনও ৯ রানে পিছিয়ে তারা।

রাওয়ালপিন্ডিতে নিজেদের দ্বিতীয় ইনিংসে চতুর্থ দিন শেষে ১ উইকেটে ২৩ রান করেছিলো পাকিস্তান। ৯ উইকেট হাতে নিয়ে ৯৪ রানে পিছিয়ে ছিলো তারা।

আজ পঞ্চম দিনের দ্বিতীয় ওভারে পাকিস্তানের অধিনায়ক শান মাসুদকে ১৪ রানে ফিরিয়ে বাংলাদেশকে উইকেট শিকারের আনন্দে মাতান পেসার হাসান মাহমুদ। ২৮ রানে দ্বিতীয় উইকেট পতনের পর ৩৮ রানের জুটিতে পাকিস্তানকে লড়াইয়ে ফেরান ওপেনার আব্দুল্লাহ শফিক ও বাবর আজম। দলীয় ৬৬ রানে বাবরকে (২২) বোল্ড করে জুটি ভাঙেন টাইগার পেসার নাহিদ রানা। বাবর ফেরার ৮ বল পর সৌদ শাকিলকে খালি হাতে সাজঘরে ফেরত পাঠান স্পিনার সাকিব আল হাসান। ৬৭ রানে ৪ উইকেট হারিয়ে চাপে পড়ে পাকিস্তান। পঞ্চম উইকেটে ৩৭ রানের জুটিতে পাকিস্তানকে চাপমুক্ত করার চেষ্টা করেন শফিক ও উইকেটরক্ষক মোহাম্মদ রিজওয়ান। শফিককে ৩৭ রানে শিকার করে বাংলাদেশকে গুরুত্বপূর্ণ ব্রেক-থ্রু এনে দেন সাকিব।

এরপর পাকিস্তানের বিপদ আরও বাড়ান আরেক স্পিনার মেহেদি হাসান মিরাজ। আঘা সালমানকে খালি হাতে বিদায় দেন মিরাজ। এতে ১০৫ রানে ষষ্ঠ উইকেট হারিয়ে বিপদে পড়ে পাকিস্তান। প্রথম সেশনের বিরতির আগে বাকী ১৬ বলে আর কোন উইকেট পড়তে দেননি রিজওয়ান ও শাহিন শাহ আফ্রিদি। রিজওয়ান ২২ ও আফ্রিদি ১ রানে অপরাজিত আছেন।
সাকিব ২টি, শরিফুল-মিরাজ-হাসান ও রানা ১টি করে উইকেট নেন।